



www.liberalbd.org

লিবারেল পার্টি বাংলাদেশ

৪৩৫ বড় মগবাজার, ৪র্থ তলা, ওয়ারলেস রেলগেট, ঢাকা-১২১৭।

ফোন: ৯৩৬০৭৭৪। ই-মেইল: libpartybd@gmail.com



তারিখ: ২৬ মে ২০০৭ ইং

সংবাদ বিজ্ঞপ্তি

লিবারেল পার্টি বাংলাদেশের
খুলনা আঞ্চলিক চেয়ারম্যান
এডভোকেট নাসির আহমেদ এর ইন্তেকাল

লিবারেল পার্টি বাংলাদেশের খুলনা আঞ্চলের আঞ্চলিক চেয়ারম্যান এডভোকেট নাসির আহমেদ শুক্রবার দিবাগত রাতে তার খুলনা শহরস্থ বাসভবনে ইন্তেকাল করেছেন (ইন্না.....রাজেউন)।

এডভোকেট নাসির আহমেদ এর ইন্তেকালে লিবারেল পার্টি বাংলাদেশের কেন্দ্রীয় কেবিনেট এবং জাতীয় নির্বাহী কমিটির পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে।

পার্টি লিডার শেখ মহিউদ্দিন আহমেদ, নির্বাহী চেয়ারম্যান জনাব মো: সাইফুল ইসলাম, নির্বাহী প্রেসিডেন্ট এডভোকেট নূরুল ইসলাম, মহাসচিব আফজালুল হক সিকদার মরহুম নাসির আহমেদের শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন এবং মরহুমের রুহের মাগফেরাত কামনা করেছেন।

বার্তা প্রেরক-

আবুল বাশার পাটোয়ারী
দপ্তর সম্পাদক



www.liberalbd.org

লিবারেল পার্টি বাংলাদেশ

৪৩৫ বড় মগবাজার, ৪র্থ তলা, ওয়ারলেস রেলগেট, ঢাকা-১২১৭।
ফোন: ৯৩৬০৭৭৪। ই-মেইল: libpartybd@gmail.com



তারিখ: ২৬ মে ২০০৭ ইং

শোক বার্তা

লিবারেল পার্টি বাংলাদেশের খুলনা অঞ্চলের আঞ্চলিক চেয়ারম্যান এডভোকেট নাসির আহমেদ এর ইন্তেকালে আমি গভীর মর্মান্বিত এবং শোকাভিভূত।

লিবারেল পার্টি বাংলাদেশের এবং আমার পক্ষ থেকে মরহুম নাসির আহমেদের শোক সন্তপ্ত পরিবারের প্রতি জানাই সমবেদনা। পরম করুনাময় আল্লাহ তায়ালার কাছে প্রার্থনা করি এ কঠিন শোক সহিবার ক্ষমতা যেন পরিবারের সবাইকে দেন।

আমরা মরহুমের রুহের মাগফেরাত কামনা করছি।

শেখ মহিউদ্দিন আহমেদ
লিডার ও প্রেসিডেন্ট